कोल इण्डिया लिमिटेड
महारत्न कंपनी
3 तल्ला, कोर-2, प्रेमिसेस-04-एमआर,प्लॉट-ए एफ-III,
एक्शन एरिया-1A, न्यूटाउन, रजरहट, कोलकाता-700156
फोन 033-२३२४६५२६, फैक्स-033-२३२४६५१०
ईमेल:mviswanathan2.cil@coalindia.in
वेबसाइट: www.coalindia. In

Coal India Limited
A Maharatna Company
(A Govt. of India Enterprise)
Regd. Office:3rd floor, Core-2
Premises no-04-MAR, Plot no-AF-III, Action Area-1A,
Newtown, Rajarhat,Kolkata-700156
PHONE; 033-2324-6526,
FAX; 033-23246510
E-MAIL: mviswanathan2.cil@coalindia.in
WEBSITE: www.coalindia.in
CIN- L23109WB1973GOI028844

Ref.No.CIL:XI(D):4157/4156:2020:

Dated:02.09.20

To,
Listing Department,
Bombay Stock Exchange Limited,
14th Floor, P.J.Towers, Dalal Street,
Mumbai – 400001
Scrip Code 533278

To,
Listing Department,
National Stock Exchange of India Limited,
Exchange Plaza, Bandra Kurla Complex,
Bandra (E), Mumbai – 400051.
Ref: ISIN – INE522F01014

Sub: Newspaper publication of Notice of AGM of CIL

Dear Sir,

We are enclosing hard copies of Press release issued on 02.09.2020 in one English newspaper namely **The Telegraph,** Bengali newspaper i.e. **Bartaman** and one Hindi i.e " **Sanmarg**" publishing the AGM Notice of CIL.

This is for your information and records please.

Yours faithfully,

MV 2/9/20.

(M.Viswanathan/एम.विस्वनाथन)
Company Secretary/कंपनी सचिव
& Compliance Officer/कम्प्लायंस ऑफिसर

Encl: As above

ভাঙড়

মারধরের হাত থেকে মহিলাকে বাঁচাতে গিয়ে আক্রান্ত যুবক

নিজস্ব প্রতিনিধি, দক্ষিণ ২৪ পরগনা: এক মহিলাকে মারধরের হাত থেকে উদ্ধার করতে গিয়ে আক্রান্ত হলেন এক যুবক। এই নিয়ে থানায় অভিযোগ করা হয়। তার ভিত্তিতে জহর আলি মোল্লা নামে মূল অভিযুক্তকে গ্রেপ্তার করেছে পুলিস। সোমবার এই ঘটনাটি ঘটেছে ভাঙড় থানার দেবীপুরে। গোটা ঘটনায় বেশ ক্ষুব্ধ এলাকাবাসী। খুঁটিতে গোরু বাঁধাকে কেন্দ্র করে গণ্ডগোলের সূত্রপাত। জানা গিয়েছে, ওই এলাকার বাসিন্দা অজিত আলি মোল্লার জমিতে জহর আলি মোল্লার বাড়ির লোকজন গোরু ছেড়ে দেয় বলে অভিযোগ। এর ফলে ওই জমিতে থাকা সব গাছপালা খেয়ে নষ্ট করে দিচ্ছিল এই গবাদি পশু। এই নিয়ে প্রতিবাদ জানান অজিতের স্ত্রী। অভিযোগ, সেই সময় জহরের স্ত্রী ও তাঁর পরিবারের লোকজন প্রতিবাদী মহিলাকে মারধর করেন। তাঁকে বাঁচাতে ছুটে আসেন আলাউদ্দিন মোল্লা নামে এক প্রতিবেশী যুবক। তাঁর উপর চড়াও হন মূল অভিযুক্ত ও তাঁর পরিবার। বাঁশ দিয়ে আলাউদ্দিনের মাথায় মারা হয় বলে অভিযোগ। রক্তাক্ত অবস্থায় মাটিতে লুটিয়ে পড়ে জ্ঞান হারান তিনি। গুরুতর জখম অবস্থায় ওই যুবককে ভাঙড়ের নলমুড়ি ব্লক হাসপাতালে নিয়ে যান স্থানীয়রা। আলাউদ্দিনের মাথায় বেশ কয়েকটি সেলাই পড়েছে। আপাতত সেখানেই তিনি চিকিৎসাধীন। তাঁর অভিযোগের ভিত্তিতে পরে পুলিস অভিযুক্ত জহর আলিকে গ্রেপ্তার করে। তাঁর ছেলে সেলিম পলাতক।

বড়তলায় সোনার চেন ছিনতাই: ধৃত ২

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: মঙ্গলবার ভোরে উত্তর কলকাতার বড়তলা থানা এলাকায় এক ব্যক্তির গলা থেকে সোনার চেন ও মোবাইল ছিনতাইয়ের অভিযোগে পুলিস গ্রেপ্তার করল দুই যুবককে। এদিনই মনীশ ও বিবেক নামে ওই দুই যুবককে ব্যাঙ্কশাল কোর্টে তোলা হয়। বিচারক তাদের ৫ সেপ্টেম্বর পর্যন্ত পুলিস হেফাজতে রাখার নির্দেশ দেন। আদালত সূত্রে জানা গিয়েছে, অভিযোগকারী ওই ব্যক্তি এদিন ভোর সাড়ে চারটে নাগাদ অ্যাপ ভিত্তিক ক্যাব ধরার জন্য বড়তলা এলাকায় অপেক্ষা করছিলেন। তখন ওই দুই যুবক আচমকা পিছন থেকে এসে তাঁর গলায় থাকা সোনার চেন ও মোবাইল ফোনটি ছিনিয়ে নিয়ে চম্পট দেয়। এপরই ওই ব্যক্তি দ্রুত থানায় অভিযোগ জানালে পুলিস সোর্স মারফত খবর পেয়ে এদিন সকালেই ওই দুই যুবককে গ্রেপ্তার করে। তাদের হেফাজত থেকে মোবাইল ফোন ও ছিনতাই হওয়া সোনার চেনের কিছুটা অংশ উদ্ধার করে। সরকারি আইনজীবী এদিন আদালতে বলেন, সোনার চেনটির বাকি অংশ উদ্ধারের জন্য ধৃতদের হেফাজতে নেওয়া দরকার। এরপরই বিচারক ওই দুই যুবকের জামিনের আবেদন নাকচ করে দিয়ে তাদের পুলিস হেফাজতে পাঠানোর নির্দেশ দেন।

করোনার বলি আরও এক চিকিৎসক

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: করোনার বলি হলেন আরও এক চিকিৎসক। মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ছ'টা নাগাদ বিশিষ্ট স্ত্রীরোগ বিশেষজ্ঞ ডাঃ সঞ্জয় সেন মারা যান ই এম বাইপাস লাগোয়া শহরের একটি বেসরকারি হাসপাতালে। বয়স হয়েছিল ৬৫। তিনি জটিল ধরনের করোনার সমস্যার ভুগছিলেন। এই রোগের কারণে অ্যাকিউট রেসপিরেটরি ডিসট্রেস সিনড্রম বা এআরডিএস হয়েছিল তাঁর। হাসপাতাল কর্তৃপক্ষ এক বিবৃতিতে এ খবর জানিয়ে বলেছে, তাদের তরফ থেকে সর্বোচ্চ চেষ্টা করা হয়েছিল।

ভূগর্ভের আর্সেনিকযুক্ত জল বোতলে ভরে বিক্রি, ব্যবস্থা নেওয়ার আশ্বাস প্রশাসনের

সোনারপুর, বারুইপুর সহ বিস্তীর্ণ এলাকা

নিজস্ব প্রতিনিধি, দক্ষিণ ২৪ পরগনা: দক্ষিণ ২৪ পরগনার বিস্তীর্ণ এলাকা আর্সেনিক প্রবণ বলে আগে থেকেই চিহ্নিত করা রয়েছে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের এক গবেষণাতেও উঠে এসেছে সেই তথ্য। কিন্তু তারপরও ভূগর্ভের জল তুলে বোতলে ভরে দেদার বিক্রি হচ্ছে সোনারপুর-বারুইপুর সহ বিভিন্ন এলাকায়।

এমনই অভিযোগ স্থানীয় বাসিন্দাদের। এই জল কতটা ফিল্টার করা হচ্ছে, তা নিয়েও প্রশ্ন আছে। পাশাপশি মাটির নীচ থেকে জল তোলার অনুমতির প্রয়োজন। সেটা ছাড়াই রমরমিয়ে চলছে এই ব্যবসা। জেলা প্রশাসনের তরফে জানানো হয়েছে, বিষয়টি নিয়ে খোঁজ করা হবে। যাঁরা এসব কাজ করছেন, তাঁদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে। রাজপুর-সোনারপুর পুরসভার কয়েকটি ওয়ার্ডে বাড়ির মধ্যেই জল তোলার মেশিন বসিয়ে ব্যবসা চলছে। সোনারপুর, বারুইপুর, ডায়মন্ডহারবার, বিষ্ণুপুর, মহেশতলার মতো এলাকায় ভূগর্ভের জলে আর্সেনিক রয়েছে। বাড়ি বাড়ি পানীয় জল সরবরাহ করতে গঙ্গার জল পরিশ্রুত করে পাইপলাইনের মাধ্যমে দেওয়া হচ্ছে। সে ক্ষেত্রে কী করে মাটির জল তুলে এভাবে প্যাকেজ করে সাধারণ মানুষেরকে বিক্রি করা হচ্ছে, সেটাই বড় প্রশ্ন! বারুইপুর গ্রামীণ এলাকায় এই আর্সেনিযুক্ত জলের সমস্যা মারাত্মক। পানীয় জলের সরবরাহ ঠিক মতো না হওয়ার সুযোগ নেওয়া হচ্ছে বলে অভিযোগ অনেকেরই। তাছাড়া যে পদ্ধতিতে মাটির নীচ থেকে জল তোলা হচ্ছে, সেটাও ঠিক নয় বলেই জানান বিশেষজ্ঞরা। যেভাবে গোটা পরিকাঠামো তৈরি করা হয়েছে, তাতে মনে হতেই পারে উচ্চ ক্ষমতাসম্পন্ন যন্ত্র বসানো হয়েছে। কিন্তু যেই জল তোলা হচ্ছে, সেটা পান করার যোগ্য কি না, তা পরীক্ষা করার দাবি তুলেছেন এলাকার মানুষ।

তার জন্য স্থানীয় প্রশাসনকে সক্রিয় ভূমিকা নিতে হবে। প্রশ্ন হল, পুর এলাকায় এভাবে রমরমিয়ে চলছে এই ব্যবসা। সে ক্ষেত্রে কেনই বা পুরসভার পক্ষ থেকে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না? যেমন সোনারপুর অঞ্চলে একটা সময় প্রায় ২০টি টিউবওয়েলের জলে আর্সেনিক থাকার প্রমাণ মিলেছিল। সঙ্গে সঙ্গে সেসব সিল করে দেওয়া হয়। সতর্ক করা হয় সাধারণ মানুষকেও।

সুভাসগ্রাম অঞ্চলের এক জল ব্যবসায়ীর বক্তব্য, এর জন্য পুরসভার কাছে চিঠি দেওয়া হয়েছিল। তাঁর মতো অনেকেই এই কাজের সঙ্গে যুক্ত। পানীয় জলের সমস্যা থাকার কারণে বহু মানুষই এই বোতলবন্দি জল কিনছেন। কিন্তু সেই জলে আর্সেনিক আছে কি নেই, সে ব্যাপারে নিশ্চিত নন কেউই। বিশেষজ্ঞদের মতে, জল শোধন না করা হলে, সাধারণ মানুষের শরীরে আর্সেনিক ঢুকবেই। যা শরীরের পক্ষে যথেষ্ট ক্ষতিকারক।

পানিহাটি পুরসভা এলাকার রাস্তায় জমে থাকা জল বের করা হচ্ছে। -নিজস্ব চিত্র

স্মার্টকার্ড রিচার্জের অ্যাপ আনল মেট্রো, পরিষেবা শুরু করার প্রস্তুতি নিয়ে বৈঠক

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: ওয়েবসাইটে স্মার্টকার্ড রিচার্জের পরিষেবা চালু হয়েছিল আগেই। এবার অ্যাপের মাধ্যমেও মিলবে সেই একই সুবিধা। আপাতত অ্যান্ড্রয়েড চালিত স্মার্টফোনে ডাউনলোড করা যাবে এই 'মেট্রো রেলওয়ে কলকাতা' অ্যাপ। আনলক পর্বে মেট্রো চালু হলে সংক্রমণ এড়াতে টোকেনের বদলে স্মার্টকার্ড ব্যবহারে উৎসাহ দিচ্ছে রেল। সেই কারণেই এই পরিষেবা নিয়ে আসা হয়েছে। এই অ্যাপে রিচার্জের পাশাপাশি মিলবে পাতাল-যাত্রার হরেক সুলুক সন্ধান। স্ক্রিনে ভেসে উঠবে প্রতিটি স্টেশনের আশেপাশের বিখ্যাত পর্যটন কেন্দ্র, পরবর্তী স্টেশন, গন্তব্যে পৌঁছনোর আনুমানিক সময় ইত্যাদি। খুব শীঘ্রই আইফোন ব্যবহারকারীদের জন্যও এই অ্যাপ আনবে মেট্রো রেল। যদিও, কলকাতা মেট্রো কবে থেকে চালু হবে তা এখনও অনিশ্চিত। কিন্তু মেট্রো কর্তৃপক্ষ পরিষেবা চালুর যাবতীয় প্রস্তুতি সেরে রাখছে। করোনা আবহে মেট্রো স্টেশন এবং রেক স্যানিটাইজ করা অত্যন্ত জরুরি। মঙ্গলবার মেট্রোর জেনারেল ম্যানেজার মনোজ যোশি উচ্চ পর্যায়ের বৈঠক করেন। আধিকারিকদের তিনি নির্দেশ দিয়েছেন, প্রতিটি স্টেশন ও রেকগুলি সম্পূর্ণভাবে স্যানিটাইজ করতে হবে। পরিষেবা চালু হলে এই কাজ নিয়মিত করতে হবে। মেট্রোর যাত্রীদের স্বাস্থ্যের কথা মাথায় রেখে অগ্রাধিকারের ভিত্তিতে এই কাজ করার নির্দেশ দিয়েছেন জেনারেল ম্যানেজার। যদিও রাজ্য সরকারের সঙ্গে মেট্রো রেলের বৈঠকের দিন মঙ্গলবার পর্যন্ত চূড়ান্ত হয়নি। মেট্রোর মুখ্য জনসংযোগ আধিকারিক ইন্দ্রানী বন্দ্যোপাধ্যায় বলেন, আমাদের সঙ্গে রাজ্য সরকারের বৈঠকের দিন ঠিক হয়নি। আমরা স্বরাষ্ট্র ও নগরোন্নয়ন মন্ত্রকের গাইড লাইনের অপেক্ষায় রয়েছি। রেলবোর্ড এবং রেলমন্ত্রকের চূড়ান্ত ছাড়পত্র পাওয়ার পরেই রাজ্য সরকারের সঙ্গে আলোচনায় বসতে পারব।

এবার স্প্রে মেশিনে পাচারের ছক, বিথারী সীমান্তে বাজেয়াপ্ত ৩ লাখের রুপোর গয়না

নিজস্ব প্রতিনিধি, বারাসত: উদ্দেশ্য ছিল গভীর রাতে সীমান্তের ওপারে চোরাই মালপত্র পৌঁছে দেওয়া। কিন্তু ব্যাগ বা গোরুর পিঠে বেঁধে পাঠালে, তা ধরা পড়ে যাওয়ার আশঙ্কা। তাই এবার পরিকল্পনা বদলে মশা মারার স্প্রে মেশিন ব্যবহার করার কথা ভাবা হয়। সেই মেশিনের মধ্যে সাতটি বান্ডিলে প্রায় সাড়ে ছ' কেজি রুপোর গয়না পাচারের ছক তৈরি হয়। কিন্তু সেই পরিকল্পনা বাস্তবায়নের আগেই বিএসএফের হাতে তা ধরা পড়ে গেল। বাজেয়াপ্ত হল প্রায় তিন লাখ টাকার রুপোর গয়না। বিএসএফের দক্ষিণবঙ্গ ফ্রন্টিয়ারের ডিআইজি এস এস গুলারিয়া বলেন, দুষ্কৃতীরা প্রায়ই পাচারের মাধ্যম বদল করছে। স্প্রে মেশিনে ভরে পাচারের ব্যাপারটা নতুন। তবে আমাদের জওয়ানরা সতর্ক আছেন। তাই পদ্ধতি বদলালেও পাচারকারীরা ধরা পড়ে যাচ্ছে। সোমবার রাতে ঘটনাটি ঘটেছে বসিরহাট মহকুমার বিথারী সীমান্তে। বিএসএফ সূত্রে জানা গিয়েছে, ১১২ নম্বর ব্যাটালিয়নের জওয়ানদের কাছে খবর আসে, চোরাই রুপোর একটা বড় 'অ্যাসাইনমেন্ট' রাতে সীমান্ত দিয়ে পাচার করা হবে। সেই মতো সীমান্তবর্তী স্বরূপনগরের হাকিমপুরের স্বরূপদহ গ্রামে একটি বাড়িতে তা চলেও এসেছে। ব্যাটালিয়নের কর্তারা নিজেদের সোর্সকে কাজে লাগান। সেই তথ্যের ভিত্তিতে জনৈক হাসান আলি গাজির বাড়িতে হানা দেন জওয়ানরা।

তবে জওয়ানরা বাড়ির কাছাকাছি আসতেই বাড়ির পিছন দিক থেকে লুকিয়ে হাসান ছুট দেয়। এদিকে, ঘরের ভিতরে ঢুকে জওয়ানরা তল্লাশি চালাতে থাকেন। ব্যাটালিয়নের এক কর্তা বলেন, ঘরের ভিতরে চোরাই সামগ্রী রয়েছে বলে আমাদের কাছ খবর ছিল। কিন্তু তন্ন তন্ন করে তল্লাশির পরেও তা পাইনি। তখন আমাদের নজরে আসে স্প্রে মেশিনটি। সেটিকে খুলতেই দেখা যায়, ওই রুপোর গয়না বান্ডিল করে রাখা। আমরা চিন্তাই করিনি যে এই মেশিনের ভিতরে চোরাই সামগ্রী পাচার চরা যায়। ওই চোরাই রুপোর গয়না তেঁতুলিয়ায় কাস্টমস আধিকারিকদের হাতে তুলে দেওয়া হয়েছে।

এদিকে, অত্যন্ত বিপজ্জনকভাবে চলন্ত ট্রেনের নীচে জায়গা করে বাংলাদেশ থেকে ভারতে অবৈধভাবে ঢুকতে গিয়ে পেট্রাপোলে ধরা পড়লেন ৮৫ বছরের এক বৃদ্ধ সহ দু'জন। ১৭৯ নম্বর ব্যাটালিয়নের জওয়ানরা বাংলাদেশ থেকে সীমান্ত পেরিয়ে এপারে আসা একটি মালবাহী ট্রেনে তল্লাশি চালাচ্ছিলেন। তাঁদের নজরে আসে, একটি ফাঁকা বগির তলায় অত্যন্ত বিপজ্জনকভাবে ঝুলে রয়েছেন ওই দু'জন। জেরা করে জওয়ানরা জানতে পারেন, দু'জনের নাম কালীপাড়া মিস্ত্রি ও শামসুল হক। যশোর ও নারায়ণগঞ্জে বাড়ি। দালালদের টাকা দিয়ে তারা এভাবে এসেছেন। দু'জনকে পেট্রাপোল থানার হাতে তুলে দেওয়া হয়েছে।

বৃষ্টিতে হাওড়ার পঞ্চাননতলা জলমগ্ন। -নিজস্ব চিত্র

যমুনা ও ইছামতী নদীর সংযোগস্থলে টিপি পার্ক কাটা হবে, মন্ত্রীর বৈঠকে সিদ্ধান্ত

নিজস্ব প্রতিনিধি, বারাসত: বামেদের সময়ে তৈরি হওয়া যমুনা আর ইছামতীর সংযোগস্থলের টিপি পার্কের জন্যই বর্ষার জল জমে নাজেহাল হচ্ছেন হাবড়া ১ নম্বর ব্লক, দেগঙ্গার কলসুর সহ বেশ কিছু এলাকা। বর্ষার পর এই টিপি পার্ক কেটে দেওয়ার কাজ শুরু হবে। এর জন্য একটা মাস্টার প্ল্যানও তৈরী করা হয়েছে। জমা জলের সমস্যা নিয়ে মঙ্গলবার হাবড়া ১ নম্বর ব্লকের বিডিও অফিসে জেলার সেচদপ্তর এবং প্রশাসনের আধিকারিক সহ জনপ্রতিনিধিদের সঙ্গে বৈঠকের পর একথা জানান রাজ্যের খাদ্যমন্ত্রী তথা হাবড়ার বিধায়ক জ্যোতিপ্রিয় মল্লিক। তিনি বলেন, ৪২ লক্ষ টাকা ব্যয়ে এই টিপি পার্ক তৈরি হয়েছিল বাম আমলে। এই পার্কের জন্য দুই নদীর জল মিশতে পারছে না।

গত কয়েকদিনের নিম্নচাপের বৃষ্টির জেরে হাবড়া ১ নম্বর ব্লকের বারুইপাড়া সহ বেশ কিছু এলাকা জলমগ্ন। অনেক গৃহস্থের বাড়িতেই জল জমে রয়েছে। জমা জলে নাজেহাল হচ্ছেন এলাকার মানুষ। স্থায়ীভাবে হাবড়ার জল-যন্ত্রনার সমাধানে প্রশাসনের কর্তাদের নিয়ে বৈঠকের পর সেচদপ্তরের আধিকারিক, হাবরা, বাদুড়িয়ার বিডিও এবং বসিরহাটের এসডিও'কে নিয়ে টিপি পার্ক পরিদর্শন করেন জ্যোতিপ্রিয়বাবু। মন্ত্রী বলেন, কোন ঠিকাদারের স্বার্থ দেখার জন্য এই টিপি পার্ক তৈরি করা হয়েছিল, তা দেখার জন্য জেলা পরিষদের বর্তমান সভাধিপতি বীনা মণ্ডলকে এই নিয়ে তদন্ত কমিটি গঠন করারও নির্দেশ দেওয়া হয়েছে। এদিনের বৈঠকে সিদ্ধান্ত হয়েছে বর্ষার পরেই টিপি পার্কটি কেটে দেওয়ার কাজ শুরু করা হবে বলেও জানা গেছে।

পরিবেশ রক্ষায় নিউটাউনে রান্নাঘরের বর্জ্য থেকে বায়োগ্যাস তৈরির উদ্যোগ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: পরিবেশের ভারসাম্য বজায় এবং দূষণ রুখতে বিশেষ পদক্ষেপ গ্রহণ করল নিউটাউন কলকাতা ডেভেলপমেন্ট অথরিটি (এনকেডিএ)। আগেই আবর্জনা থেকে বায়োগ্যাস তৈরির পরিকল্পনা গ্রহণ করেছিল পর্ষদ। আগস্টের শেষ সপ্তাহ থেকেই সেই পরিকল্পনার ব্যবহারিক প্রয়োগ শুরু হয়ে গেল। গত সপ্তাহ থেকে সিজি ব্লকের বলাকা আবাসনের সামনে একটি উন্মুক্ত প্রাঙ্গণে এই প্রকল্পের কাজ শুরু করেছে এনকেডিএ।

নিউটাউনে প্রতিদিন যে পরিমাণ জঞ্জাল উৎপন্ন হয়, তার প্রায় ৭০-৮০ শতাংশ রান্নাঘর নির্গত। প্রতিদিন নিউটাউনে এখন ৪০ মেট্রিক টন জঞ্জাল উৎপন্ন হয়। হিসেব অনুযায়ী এর মধ্যে প্রায় ৩০ মেট্রিক টন আবর্জনা রান্নার কাজে ব্যবহৃত বিভিন্ন সামগ্রী থেকে আসে। এনকেডিএ সূত্রে জানা গিয়েছে, এই বর্জ্য পুনর্ব্যবহারযোগ্য হওয়ায় তা থেকে বায়োগ্যাস তৈরির উদ্যোগ নেওয়া হয়েছে। সে কারণেই নিউটাউনের সমস্ত বাড়ি থেকে পুনর্ব্যবহারযোগ্য আবর্জনা পৃথকীকরণের কথাও বলা হয়েছে।পর্ষদ মারফত জানা গিয়েছে, এই প্ল্যান্টে পাঁচ মেট্রিক টন জঞ্জালকে কাজে লাগিয়ে প্রতিদিন ২৫০ কেজি বায়ো গ্যাস তৈরি করা যাবে। সুতরাং, যদি সমস্ত আবর্জনা বায়োগ্যাস তৈরিতে ব্যবহার করা হয়, তাহলে বিপুল পরিমাণ উৎপাদন করা যেতে পারে। বায়োগ্যাস পরিবেশ বান্ধবও বটে। এনকেডিএ-র এই অভিনব প্রকল্পের খরচ প্রায় ৩২ লাখ টাকা। ঠিক হয়েছে, এই গ্যাস কাজে লাগানো হবে ইকোপার্কের ভিতরে অবস্থিত 'ক্যাফে একান্তে' রেস্তরাঁর (সরকারি) রান্নায়।

ইতিমধ্যে এই কাজের জন্য বরাত দেওয়া হয়ে গিয়েছে। বরাত পেয়েছে পুনের একটি সংস্থা। ডিসেম্বর মাসেই এই নয়া প্রকল্প বায়ো গ্যাস উৎপাদন শুরু করবে, দাবি এনকেডিএ -র। এনকেডিএ চেয়ারম্যান দেবাশিস সেন জানিয়েছেন, 'প্রথম প্রকল্পটি ডিসেম্বরেই চালু হয়ে যাবে। প্রথমটি ঠিকঠাক সাফল্য পেলে শহরে আরও ৭টি এই ধরনের প্ল্যান্ট বানানো হবে।' তাঁর মতে, যাতে জঞ্জাল ফেলার জন্য মল্লার ভেরি বা ধাপার মাঠের দরকার না পড়ে, সেজন্যই আগামী দিনে বায়ো গ্যাসের প্ল্যান্টের সংখ্যা বৃদ্ধি করা হবে। প্রসঙ্গত, নিউটাউন এলাকার জঞ্জাল আগে ফেলা হতো মল্লার ভেরিতে। বর্তমানে পরিবেশ আদালতের নিষেধাজ্ঞায় সেখানে আবর্জনা ফেলা যাচ্ছে না। এখন কলকাতা পুরসভার আওতাধীন ধাপার মাঠে নিউটাউনের জঞ্জাল ফেলা হলেও, সেখানে নানান সমস্যা। এনকেডিএ-র অধিকারিকদের বক্তব্য, এখন সবকিছু সম্পর্কে মানুষের ধারণা বদলাচ্ছে। জঞ্জালের ক্ষেত্রেও তা চালু হওয়া দরকার। এই ভাবনার জন্য মাস পাঁচেক হল, জঞ্জাল পৃথকীকরণ এবং তা সংগ্রহের উপর জোর দেওয়া হয়েছে। একইসঙ্গে, বাড়ি-বাড়ি বিনামূল্যে শুকনো-ভিজে জঞ্জালের জন্য দুটি করে বিনও দেওয়া হয়েছে। এ বিষয়ে স্থানীয় নাগরিকদের থেকেও উল্লেখযোগ্য সাড়া পাওয়া গিয়েছে।

হরিণঘাটা বাজারে তৈরি হবে নর্দমা

নিজস্ব প্রতিনিধি, কল্যাণী: হরিণঘাটা পুরসভা লাগোয়া এলাকা জল জমার সমস্যা দীর্ঘদিনের। সেই জল হরিণঘাটা বাজারেও ঢুকে পড়ে। এতদিন নিকাশিনালা না থাকায় ওই জল বের করার বন্দোবস্ত ছিল না। এই সমস্যা দূর করতে হরিণঘাটা বাজারে একটি নিকাশিনালা তৈরির কাজ শুরু হয়।

কিন্তু তা যথেষ্ট না হওয়ায় মঙ্গলবারের বৈঠকে আরও একটি নালা তৈরির সিদ্ধান্ত হল। হরিণঘাটা পুরভবনে এই বৈঠক হয়। উপস্থিত ছিলেন এলাকার বিধায়ক নীলিমা নাগ, জেলার পূর্ত কর্মাধ্যক্ষ চঞ্চল দেবনাথ, হরিণঘাটা পুরসভার প্রশাসক রাজীব দালাল সহ পূর্তদপ্তরের কর্তা-আধিকারিকরা। ঠিক হয়েছে, পুরভবনের উল্টোদিকে একটি নিকাশিনালা তৈরি করা হবে। তবে তার জন্য কয়েকটি দোকানের কিছু অংশ ভাঙতে হবে।

ওই নিকাশিনালাকে সরাসরি যুক্ত করা হবে যমুনা খালের সঙ্গে।

ICFAI UNIVERSITY TRIPURA
NAAC ACCREDITED
EDUCATIONAL NOTIFICATION
Admission date is extended upto
30th September, 2020
APPLY ONLINE | https://iutripuraadmissions.winnou.net/
+918415952506 | Toll Free No. 18003453673
0381-2865752/62 / 8787845302, 7085574556 / 9612640619
Admission Incharge

কোল ইন্ডিয়া লিমিটেড
(একটি মহারত্ন কোম্পানি)
রেজিস্টার্ড অফিস- কোল ভবন,
প্রেমিসেস নং.- ০৪ এমএআর, প্লট নং.- এএফ-III,
অ্যাকশন এরিয়া- ১এ, নিউ টাউন, রাজারহাট, কলকাতা- ৭০০১৫৬
ফোন: ০৩৩-২৩২৪৫৫৫৫; ফ্যাক্স: ০৩৩-২৩২৪৬৫১০
ইমেল: complianceofficer.cil@coalindia.in
ওয়েবসাইট: www.coalindia.in
সিআইএন: L23109WB1973GOI028844

বিজ্ঞপ্তি

এজিএম আহ্বায়ক বিজ্ঞপ্তিতে উল্লিখিত অনুসারে ব্যবসায়ীক লেনদেনের জন্য মিনিস্ট্রি অব কর্পোরেট অ্যাফেয়ার্স (''এমসিএ'') এবং সেবি (''আনুষঙ্গিক বিজ্ঞপ্তি'' হিসাবে সমষ্টিগতভাবে উল্লিখিত) কর্তৃক ইস্যুকৃত অন্যান্য প্রযোজ্য সার্কুলার এবং জেনারেল সার্কুলার নং. ১৪/২০২০ তারিখ ৮ এপ্রিল, ২০২০, জেনারেল সার্কুলার নং. ১৭/২০২০ তারিখ ১৩ এপ্রিল, ২০২০ এবং জেনারেল সার্কুলার নং. ২০/২০২০ তারিখ ৫ মে, ২০২০ সহ পঠিত কোম্পানিজ অ্যাক্ট' ২০১৩ এবং তদধীন গঠিত নিয়মাবলী এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অব ইন্ডিয়া (''সেবি'') (প্রয়োজনীয় কার্যভার এবং প্রচারের তালিকাভুক্তি) রেগুলেশনস, ২০১৫-এর সমস্ত প্রযোজ্য সংস্থান অনুযায়ী **বুধবার, ২৩ সেপ্টেম্বর, ২০২০ তারিখের বেলা ১০.৩০টায় আইএসটি,** ভিডিও কনফারেন্সিংয়ের (''ভিসি'') মাধ্যমে কোম্পানির ছেচল্লিশতম অ্যানুয়াল জেনারেল মিটিং (এজিএম) অনুষ্ঠিত হবে।
সিডিউল সহ ১৯-২০ বর্ষের আর্থিক বিবৃতি সহযোগে একত্রে মিটিংয়ে সম্পাদিত ২৫ আগস্ট, ২০২০ তারিখের ঘোষিত অর্ডিনারি অ্যান্ড স্পেশাল বিজনেস, স্ট্যাটুটরি অডিটর এবং কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল অব ইন্ডিয়ার রিপোর্ট এবং ডিরেক্টর্স রিপোর্ট ২৯ আগস্ট ২০২০ তারিখে সদস্যগণকে তাদের নথিভুক্ত ই-মেলে পাঠানো হয়েছে। ডিপোজিটর্স/আরটিএ-তে নথিভুক্ত ই-মেল আইডি সম্পন্ন সদস্যগণের প্রতি বৈদ্যুতিনভাবে উপরোক্ত নথিপত্র পাঠানো হয়েছে।
সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অব ইন্ডিয়ার (প্রয়োজনীয় কার্যভার এবং প্রচারের তালিকাভুক্তি) রেগুলেশন ২০১৫-এর রেগুলেশন ৪৪ এবং সংশোধিত অনুসারে কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) অ্যামেন্ডমেন্ট রুলস, ২০১৫ (অ্যামেন্ডেড রুলস ২০১৫) দ্বারা প্রতিস্থাপিত অনুসারে কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪-এর রুল ২০ সহ পঠিত কোম্পানিজ অ্যাক্ট ২০১৩-এর অন্যান্য প্রযোজ্য সংস্থান, যদি থাকে এবং ১০৮ ধারার সংস্থান অনুসারে নির্ধারিত তারিখে, বিজ্ঞপ্তিতে ঘোষিত সমস্ত রেজোলিউশনে এনএসডিএল-এর মাধ্যমে বৈদ্যুতিন দ্বারা শেয়ারহোল্ডারগণকে তাদের ভোট প্রদানের সুবিধা প্রদান করে কোম্পানি সন্তুষ্ট। এজিএম নোটিশ, অ্যানুয়াল রিপোর্ট অ্যান্ড অ্যাকাউন্টস ২০১৯-২০ ডিপোজিটরি পার্টিসিপেন্ট(ডিপি)/আরটিএ-তে নথিভুক্ত ই-মেল অ্যাড্রেসে সকল সদস্যগণের প্রতি ২৯ আগস্ট ২০২০ তারিখে বৈদ্যুতিন প্রক্রিয়ায় পাঠানো হয়েছে। ই-মেল অ্যাড্রেস নথিভুক্ত না করা সদস্যগণকে তাদের ই-মেল আইডি আপডেট করতে নির্দেশ দেওয়া হচ্ছে যাতে তাদের ই-মেল অ্যাড্রেসে কোম্পানি অ্যানুয়াল রিপোর্ট পাঠাতে সক্ষম হয়। নির্ধারিত তারিখ অনুসারে যে ব্যক্তি সদস্য নয়, তার এই বিজ্ঞপ্তিটি কেবলমাত্র তথ্য উপলক্ষে বিবেচনা করা উচিত।
সকল সদস্যগণকে এতদ্বারা জানানো হচ্ছে যে:
১) এজিএম-এর নোটিশে উল্লিখিত সাধারণ ও বিশেষ ব্যবসায়ে বৈদ্যুতিন কর্তৃক ভোটদানের মাধ্যমে লেনদেন করা যেতে পারে;
২) রিমোট ই-ভোটদান আরম্ভ- ১৮ সেপ্টেম্বর ২০২০ তারিখের সকাল ০৯.০০টা (আইএসটি)।
৩) রিমোট ই-ভোটদান শেষ- ২২ সেপ্টেম্বর ২০২০ তারিখের বিকাল ০৫.০০টা (আইএসটি)।
৪) রিমোট-ই-ভোটদানের জন্য ২২ সেপ্টেম্বর ২০২০ তারিখের বিকাল ০৫.০০টার পরে অনুমতি দেওয়া হবে না।
৫) বৈদ্যুতিন মাধ্যমে অথবা এজিএম-এর তারিখে ই-ভোটিংয়ের মাধ্যমে ভোট প্রদানের যোগ্যতাশর্ত নির্ধারণের নিমিত্ত কাট-অফ তারিখ হবে **১৬ সেপ্টেম্বর ২০২০।**
৬) যে ব্যক্তির শেয়ার অধিগৃহীত এবং কোম্পানির সদস্য এজিএমের নোটিশ প্রেরণের পরে কিন্তু **১৬** সেপ্টেম্বর **২০২০**-এর কাট-অফ তারিখের আগে, তাঁর/তাঁদের ইউজার আইডি এবং পাসওয়ার্ড কোম্পানির কাছ থেকে রিমোট ই-ভোটদানের জন্য পেতে পারেন নিবন্ধক ও স্থানান্তরকরণের এজেন্টগণ, মেসার্স অলঙ্কিত অ্যাসাইনমেন্টস লিমিটেড, ২০৫-২০৮, আনারকলি কমপ্লেক্স ঝান্ডেওয়ালান এক্সটেনশন, নয়াদিল্লি – ১১০ ০৫৫, ইমেল-id-rta@alankit.com, ফোন নম্বর- ০১১-৪২৫৪-১২৩৪ / ২৩৫৪১২৩৪, ফ্যাক্স -০১১-৪১৫৪-৩৪৭৪, টোল-ফ্রি- ১৮৬০-১২১-২১৫৫ এছাড়াও rta@alankit.com-তে একটি অনুরোধ প্রেরণ করে লগইন আইডি এবং পাসওয়ার্ড পেতে পারে।
৭) সদস্যগণ সভার আগে যারা রিমোট ই-ভোটিং সুবিধার মাধ্যমে তাদের ভোট দিয়েছেন তারা ভিসির মাধ্যমেও সভায় অংশ নিতে পারেন তবে তাদের আর ভোট দেওয়ার অধিকার থাকবে না। এজিএম-এর তারিখে যারা রিমোট ভোটের মাধ্যমে ভোট দেয়নি তারা তাদের ভোট দিতে পারবেন।
৮) বোর্ড অব ডিরেক্টর্স শ্রী সিএস মোহন রাম গোয়েঙ্কাকে, প্র্যাকটিসিং কোম্পানি সেক্রেটারি, ৪৬ বি বি গাঙ্গুলি স্ট্রিট, ৪০৬, কলকাতা- ৭০০০১২, ইমেল আইডি-goenkamohan@gmail.com রিমোট ই-ভোটিং প্রক্রিয়া পরীক্ষা-নিরীক্ষার জন্য নিরীক্ষক হিসাবে নিয়োগ করেছেন এবং যেন এজিএম-এ ই-ভোটিং সুষ্ঠু ও স্বচ্ছ পদ্ধতিতে ভোটদান সম্পাদন হয়।
৯) কোনও জিজ্ঞাস্যের ক্ষেত্রে, সদস্যগণ নোটিসের অংশ গঠনের নির্দেশিকায় উল্লিখিত অনুসারে কোম্পানির আরটিএর সঙ্গে যোগাযোগ করতে পারেন। এজিএমের সমাপ্তি থেকে ৪৮ ঘন্টার মধ্যে ভোটের ফলাফল ঘোষণা করা হবে। নিরীক্ষক রিপোর্টের সঙ্গে ঘোষিত ফলাফলগুলি কোম্পানির ওয়েবসাইট www.coalindia.in এবং মেসার্স এনএসডিএল (www.evotingindia.com)-এর ওয়েবসাইটে সদস্যদের তথ্যের নিমিত্ত স্টক এক্সচেঞ্জগুলিতে জানানো হবে।
১০) সদস্যদের এতদ্বারা অবহিত করা হচ্ছে যে, বার্ষিক সাধারণ সভা এবং বার্ষিক রিপোর্ট ১৯-২০ কোম্পানির ওয়েবসাইটে www.coalindia.in এবং এনএসডিএল ওয়েবসাইটে www.evotingindia.com-এ উপলব্ধ এবং উল্লিখিত নথির প্রতিলিপিও বৈদ্যুতিনভাবে পরিদর্শন করার জন্য উপলব্ধ।
১১) এতদ্বারা নোটিশও প্রদান করা হচ্ছে যে, সিকিউরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অব ইন্ডিয়া (প্রয়োজনীয় কার্যভার এবং প্রচারের তালিকাভুক্তি)-এর রেগুলেশন ২০১৫-এর রেগুলেশন ৪২ এবং কোম্পানিস (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস ২০১৪-এর রুল ১০ সহ পঠিত কোম্পানিস অ্যাক্ট, ২০১৩-এর সেকশন- ৯১ অনুসারে প্রদত্ত যে, এজিএমের উদ্দেশ্যে কোম্পানির শেয়ার ট্রান্সফার বইগুলি এবং সদস্যদের নিবন্ধন ১৬ সেপ্টেম্বর ২০২০ থেকে ২৩ সেপ্টেম্বর ২০২০ (উভয় দিন অন্তর্ভুক্ত) তারিখ পর্যন্ত বন্ধ থাকবে।
১২) ই-ভোটদান সম্পর্কিত কোনও জিজ্ঞাস্য/ অভিযোগের ক্ষেত্রে সদস্যরা মিসেস পল্লবী মাত্রে, ম্যানেজার-এনএসডিএল, ই-মেইল আইডি:- evoting@nsdl.co.in, ঠিকানা: ট্রেড ওয়ার্ল্ড, ''এ'' উইং, ৫ম তল , কমলা মিলস কম্পাউন্ড, লোয়ার প্যারেল, মুম্বাই- ৪০০ ০১৩, যোগাযোগের বিশদ: ০২২-২৪৯৯৪৫৪৫ বা টোল ফ্রি নং. ১৮০০২২২৯৯০ এবং আপনি সদস্যদের জন্য ফ্রিক্যুয়েন্টলি আসকড কোয়েশ্চেনস (FAQs) এবং www.evotingindia.com-এর ডাউনলোড বিভাগে উপলব্ধ সদস্যদের জন্য রিমোট ই-ভোটিং ব্যবহারকারী ম্যানুয়ালটি উল্লেখ করতে পারেন বা টোল ফ্রি নম্বর ১৮০০২০০৫৫৩৩-তে কল করতে পারেন।
১৩) ভিসি-এর মাধ্যমে এজিএম-তে অংশগ্রহণ করতে অসমর্থ শেয়ারহোল্ডারদের সুবিধার্থে কোম্পানি এজিএম প্রক্রিয়া সরাসরি সম্প্রচারের বিশেষ ব্যবস্থা করেছে। এজিএম ওয়েবকাস্টের জন্য আইপি অ্যাড্রেস কোম্পানির ওয়েবসাইটে উপলব্ধ এবং এজিএম প্রক্রিয়া সরাসরি দেখতে এবং লক্ষ করতে শেয়ারহোল্ডারগণকে নির্দেশ দেওয়া হচ্ছে।

বোর্ড অব ডিরেক্টরগণের আদেশানুসারে
স্বাঃ/-
তারিখ: ০১-০৯-২০২০ — এম. বিশ্বনাথান
স্থান: কলকাতা — কোম্পানি সেক্রেটারি অ্যান্ড কমপ্লায়েন্স অফিসার

ইন্ডিয়া গভর্নমেন্ট মিন্ট
আলিপুর, কলকাতা-৭০০ ০৫৩ (প.ব.)
(এসপিএমসিআইএল-এর একটি ইউনিট, ভারত সরকারের সম্পূর্ণ মালিকানাধীন)
টেলি.: (০৩৩) ২৪০১-৪৯৩৮, ফ্যাক্স: (০৩৩) ২৪০১-০৫৫৩
ই-মেল: calmint@spmcil.com । সিআইএন: U22213DL2006GOI144763

নিম্নলিখিত দফাসমূহ সংগ্রহের জন্য নিম্নস্বাক্ষরকারী কর্তৃক যোগ্য এবং কোয়ালিফায়েড বিডারগণের কাছ থেকে সিল করা টেন্ডার আহ্বান করা হচ্ছে:

টেন্ডার আহ্বায়ক নোটিশ (ন্যাশনাল কম্পিটিটিভ বিডিং)

দফা	টেন্ডার নং.
আই.জি. মিন্টো, কলকাতাতে ফ্যাক্টরি রুফে বিভিন্ন স্থানে বিদ্যমান ক্ষতিগ্রস্ত এম.এস. গাটার/ওয়াটার স্টোরেজ ফানেলের প্রতিস্থাপন	৫৪/পিটি-৪১(২০-২১)/৬০০০০১৫০৮০
বস্ক প্যাকেজিং লাইনের জন্য অ্যাটাচমেন্ট সহ বাকেট	৫৪/পিটি-৬৯(২০-২১)/৬০০০০১৫২০৮
আইজিএম, কলকাতার জন্য ১ বছর সময়সীমায় গাড়ি ভাড়া	৫৪/পিটি-৬৮(২০-২১)/৬০০০০১৫২০৫
নিউ মাল্টিপল থিম ব্লিস্টার প্যাক	৫৪/পিটি-৪৬(২০-২১)/৬০০০০১৫১০৬
কম্প্রেসড এয়ার ড্রায়ার অ্যান্ড সাবমাইক্রন ফিল্টার	৫৪/পিটি-৪৫(২০-২১)/৬০০০০১৫১০৪
ফ্রস্টিং মেশিন (সুপার ব্লাস্ট)	৫৪/পিটি-৩১(২০-২১)/৬০০০০১৪৯৭৭
ট্রাকশন ব্যাটারি অ্যান্ড সিটপ ব্যাটারি	৫৪/পিটি-০১(১৯-২০)/৬০০০০১২০২৫

টেন্ডার জমার শেষ তারিখ সহ অন্যান্য সমস্ত বিশদের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট http://igmkolkata.spmcil.com দেখুন।
যেকোন সংশোধন অথবা বর্ধিতকরণ কেবলমাত্র ওয়েবসাইটে বিজ্ঞাপিত হবে।
স্বাঃ/-
চিফ জেনারেল ম্যানেজার

न्यूज ब्रीफ

नये चुनाव आयुक्त राजीव कुमार ने संभाला कार्यभार

नयी दिल्ली : नये चुनाव आयुक्त राजीव कुमार ने मंगलवार को कार्यभार संभाल लिया। पूर्व वित्त सचिव राजीव कुमार को अशोक लवासा के स्थान पर नया चुनाव आयुक्त बनाया गया है। गौरतलब है कि लवासा ने पिछले दिनों इस्तीफा दे दिया था और वह मनीला में एशियाई विकास बैंक के उपाध्यक्ष नियुक्त किये गए थे। राजीव 1984 बैच के आईएएस अधिकारी रहे हैं और बिहार तथा झारखंड के अलावा केंद्र सरकार के विभिन्न मंत्रालयों में शीर्ष पदों पर काम कर चुके हैं। राजीव लोक उद्यम नियुक्ति बोर्ड के अध्यक्ष भी रहे। वह वित्त सचिव के रूप में सेवानिवृत्त होने के बाद चुनाव आयुक्त नियुक्त किए गए हैं।

रेल मंत्रालय की और अधिक स्पेशल ट्रेनें चलाने की योजना

नयी दिल्ली : रेलवे अधिक मांग वाले क्षेत्रों में यात्रियों का आवागमन सुगम करने के लिए और अधिक स्पेशल ट्रेन चलाने की योजना बना रहा है, जिसके लिए राज्य सरकारों से सहमति मांगी जा रही है।

रेल मंत्रालय के प्रवक्ता ने हालांकि, यह नहीं बताया कि वर्तमान में चल रहीं 230 स्पेशल ट्रेनों के अतिरिक्त ऐसी कितनी और ट्रेन चलाई जाएंगी। सूत्रों ने बताया कि नयी स्पेशल ट्रेन चलाने संबंधी घोषणा आगामी कुछ दिनों में की जाएगी। वर्तमान में कोविड-19 की वजह से सभी नियमित यात्री सेवाएं निलंबित हैं। रेलवे के प्रवक्ता ने कहा, 'और अधिक स्पेशल ट्रेन चलाने की योजना बनाई जा रही है। राज्य सरकारों से विचार-विमर्श किया जा रहा है।'

तरुण गोगोई को प्लाज्मा थेरेपी दी गयी

गुवाहाटी : कोरोना वायरस से संक्रमित असम के पूर्व मुख्यमंत्री तरुण गोगोई के शरीर में ऑक्सीजन का स्तर कम होने के कारण उनकी हालत बिगड़ने पर उन्हें प्लाज्मा थेरेपी दी गयी है। राज्य के स्वास्थ्य मंत्री डॉ. हिमंत बिस्वसर्मा ने जानकारी दी कि सोमवार की रात 23:30 बजे तरुण गोगोई का ऑक्सीजन स्तर 88 प्रतिशत तक गिर गया, जिसके बाद उनके स्वास्थ्य की निगरानी कर रहे गुवाहाटी मेडिकल कॉलेज एंड हॉस्पिटल के डॉक्टरों की टीम ने उन्हें तुरंत प्लाज्मा थेरेपी दी। अब उनके शरीर में ऑक्सीजन का स्तर 96 से 97 फीसदी तक बना हुआ है।

47 लाख का सोना बरामद, एक गिरफ्तार

कन्नूर : आयकर विभाग के अधिकारियों ने 'वंदे भारत मिशन' के तहत 'एयर अरेबिया' चार्टर्ड विमान में शारजाह से केरल के कन्नूर अंतरराष्ट्रीय हवाई अड्डे पर पहुंचे एक यात्री से 937 ग्राम सोना बरामद किया है, जिसकी कीमत लगभग 47 लाख रुपये है। हवाई मामलों से जुड़े खुफिया सूत्रों के अनुसार सीमा शुल्क सहायक आयुक्त एम मधुसूदन भट्ट की अगुवाई वाली टीम ने सोना जब्त किया और सोमवार रात मलप्पुरम से हवाई अड्डे पहुंचे कासरगोड निवासी एक व्यक्ति को हिरासत में ले लिया। अभियुक्त ने सोने को कैप्सूल अपने अंतःवस्त्रों में छिपाई थी।

कोणार्क का सूर्य मंदिर फिर खोला गया

भुवनेश्वर : ओडिशा के पुरी जिले में स्थित कोणार्क सूर्य मंदिर को पांच महीने से भी अधिक समय बाद मंगलवार को आगंतुकों के लिए फिर से खोल दिया गया।

भारतीय पुरातत्व सर्वेक्षण (एएसआई) के अधीक्षण अधिकारी अरुण कुमार मलिक ने बताया कि एएसआई द्वारा संरक्षित राज्य के अन्य स्मारकों जैसे राजा रानी मंदिर, उदयगिरि, खंडगिरि, ललितगिरि बौद्ध स्मारक को पहले ही खोला जा चुका है। कोणार्क में एक सितंबर से आगंतुक आने शुरू हो गए हैं। उन्होंने कहा कि आगंतुकों को स्मारक में प्रवेश की अनुमति केंद्र और राज्य सरकार के सभी नियमों का पालन करते हुए दी गयी है। आगंतुकों को स्मारक में मास्क पहनने और शारीरिक दूरी बनाए रखने की हिदायत दी गयी है।

करीब नौ लाख अभ्यर्थियों ने इंजीनियरिंग कोर्स में दाखिले के लिए जेईई मुख्य परीक्षा के वास्ते पंजीकरण कराया है

कड़ी सुरक्षा के साथ शुरू हुई जेईई मुख्य प्रवेश परीक्षा

नयी दिल्ली : कोविड-19 महामारी के मद्देनजर सामाजिक दूरी और सख्त एहतियाती कदमों के बीच मंगलवार को इंजीनियरिंग कॉलेजों में दाखिले के लिए संयुक्त प्रवेश परीक्षा (जेईई)-मेन्स का आयोजन शुरू हुआ। देशभर में विभिन्न परीक्षा केंद्रों में अलग-अलग प्रवेश एवं निकास द्वारों पर सैनिटाइजर की व्यवस्था तथा कक्षाओं में अभ्यर्थियों को सामाजिक दूरी बनाये रखते हुए मास्क का वितरण जैसे प्रबंध आमतौर पर देखने को मिले। कोविड-19 के कारण जेईई (मुख्य) प्रवेश परीक्षा इससे पहले दो बार टाली जा चुकी हैं और अब ये 1 से 6 सितंबर के बीच निर्धारित हैं। राष्ट्रीय परीक्षा एजेंसी (एनटीए) के एक अधिकारी ने बताया, 'परीक्षा केंद्र के प्रवेश द्वार और परीक्षा हॉल के अंदर हैंड सैनिटाइजर हर समय उपलब्ध कराये गए हैं।

अभ्यर्थियों के प्रवेश पत्र जांचने की स्वाभाविक प्रक्रिया ने इस बार बारकोड रीडर लगाया गया है, जिन्हें परीक्षा केंद्र पर अधिकारियों को उपलब्ध कराया गया है।' उन्होंने कहा, 'सभी अभ्यर्थियों को प्रवेश करने के समय तीन परतों वाले मास्क पेश किये जा रहे हैं और परीक्षा के दौरान उनसे उपलब्ध कराये गए मास्क पहनने की उम्मीद की जाती है।' परीक्षा की पहली पाली सुबह साढ़े नौ बजे और दूसरी पाली दोपहर 2.30 बजे से होगी। एनटीए के अधिकारी ने कहा, 'प्रत्येक पाली की परीक्षा शुरू होने और दूसरी पाली की परीक्षा के बाद सभी सीटों की पूरी तरह से साफ-सफाई की जायेगी और वर्क स्टेशन एवं कीबोर्ड को विषाणु मुक्त बनाया जायेगा।'

गौरतलब है कि करीब नौ लाख अभ्यर्थियों ने आईआईटी, एनआईटी और केंद्र पोषित तकनीकी संस्थानों में इंजीनियरिंग कोर्स में दाखिले के लिए जेईई मुख्य परीक्षा के वास्ते पंजीकरण कराया है। ओडिशा, मध्य प्रदेश और छत्तीसगढ़ की सरकारों ने उम्मीदवारों को आश्वस्त किया है कि उनके आने-जाने की व्यवस्था की जायेगी।

इसके अलावा आईआईटी के पूर्व छात्रों और वर्तमान छात्रों ने भी एक पोर्टल शुरू किया है ताकि जरूरतमंद छात्रों को परिवहन सुविधा प्रदान की जा सके। गौरतलब है कि कोविड-19 के प्रसार के कारण जेईई मेन्स और मेडिकल प्रवेश परीक्षा नीट के आयोजन को स्थगित करने की मांग की जा रही थी। इससे पहले उच्चतम न्यायालय ने परीक्षा स्थगित करने के संबंध में एक याचिका को खारिज कर दिया था और कहा था कि छात्रों के बहुमूल्य वर्ष को बर्बाद नहीं किया जा सकता।

सिकंदराबाद में जेईई परीक्षा केंद्र में जाने से पूर्व सुरक्षा की तैयारी करते छात्र

बंबई हाई कोर्ट का परीक्षा पर रोक से इनकार

बंबई उच्च न्यायालय के नागपुर पीठ ने जेईई-मुख्य परीक्षा पर रोक लगाने से इनकार करते हुए कहा कि महाराष्ट्र के विदर्भ क्षेत्र के बाढ़ प्रभावित जिलों में रहने वाले छात्र जो परीक्षा केंद्रों तक नहीं पहुंच सके हैं या देरी से पहुंचे हैं वे दोबारा परीक्षा आयोजित कराने के लिए राष्ट्रीय परीक्षण एजेंसी का रुख कर सकते हैं। न्यायमूर्ति रवि देशपांडे और न्यायमूर्ति पुष्पा गनेडीवाला के उच्च न्यायालय के दो सदस्यीय पीठ ने कहा कि राष्ट्रीय परीक्षण एजेंसी (एनटीए) इस तरह के अनुरोधों पर विचार करने के बाद कर निर्णय लेगी। पीठ ने कहा, 'कई जिलों में बाढ़ की गंभीर स्थिति है। छात्रों को इसका खामियाजा नहीं भुगतना चाहिए।'

दिव्यांग छात्रों को कन्फर्म सीट दे मदद करे रेलवे

दिल्ली उच्च न्यायालय ने मंगलवार को रेल मंत्रालय से कहा कि दिल्ली विश्वविद्यालय की परीक्षा में शामिल होने के लिए राजधानी आ रहे दिव्यांग छात्रों के लिए कन्फर्म टिकट सुनिश्चित करें। अदालत ने कहा कि यह सुनिश्चित होना चाहिए कि दिव्यांग श्रेणी में आने वाले छात्रों की अंतिम वर्ष की परीक्षा नहीं छूटेगी। दिल्ली विश्वविद्यालय की नियमित तरीके से परीक्षा 14 सितंबर से शुरू होनी है। न्यायमूर्ति हिमा कोहली और न्यायमूर्ति सुब्रमणियम प्रसाद के पीठ ने कहा कि फिलहाल सीमित संख्या में चल रही ट्रेनों को ध्यान में रखते हुए उन सभी को कन्फर्म टिकट उपलब्ध कराने का प्रयास किया जाना चाहिए। पीठ ने कहा कि छात्र प्रतीक्षा सूची का भी टिकट ले सकते हैं और दो दिन पहले रेलवे को इसकी सूचना दे सकते हैं। अदालत ने डीयू से कहा है कि वह एक हलफनामा दायर करके बताए कि दूसरे चरण की परीक्षा के लिए कितने छात्र पंजीकृत हैं।

नोटबंदी से ही शुरू हो गयी थी अर्थव्यवस्था की बर्बादी : राहुल

नयी दिल्ली : कांग्रेस के पूर्व अध्यक्ष राहुल गांधी ने जीडीपी विकास दर में भारी गिरावट को लेकर मंगलवार को सरकार पर निशाना साधा और दावा किया कि अर्थव्यवस्था की बर्बादी नोटबंदी से ही शुरू हुई थी और उसके बाद से एक के बाद एक गलत नीतियां अपनाई गयीं।

राहुल गांधी ने ट्वीट किया, 'जीडीपी -23.9 प्रतिशत हो गयी। देश की अर्थव्यवस्था की बर्बादी नोटबंदी से शुरू हुई थी। तब से सरकार ने एक के बाद एक गलत नीतियों की लाइन लगा दी।'

कांग्रेस महासचिव प्रियंका गांधी वाड्रा ने आरोप लगाया कि सरकार ने देश की अर्थव्यवस्था डुबो दी। उन्होंने ट्वीट किया, 'आज से 6 महीने पहले राहुल गांधीजी ने आर्थिक सुनामी आने की बात बोली थी। कोरोना संकट के दौरान हाथी के दांत दिखाने जैसा एक पैकेज घोषित हुआ। लेकिन आज हालत देखिए। जीडीपी -23.9 प्रतिशत तक गिर गयी। भाजपा सरकार ने अर्थव्यवस्था को डुबा दिया।'

कन्नड़ फिल्म जगत के 15 लोग नशे के कारोबार में : लंकेश

बेंगलुरु : फिल्मकार और पत्रकार इंद्रजीत लंकेश ने मंगलवार को दावा किया कि कन्नड़ फिल्म उद्योग के 15 लोग मादक पदार्थ तस्करी में संलिप्त हैं। इससे एक दिन पहले उन्होंने पुलिस से फिल्म जगत में संचालित कथित मादक पदार्थ गिरोह के बारे में जानकारी साझा की थी।

इंद्रजीत लंकेश ने कहा, 'मैंने 15 लोगों के नाम दिये हैं जिन्हें मैं जानता हूं कि वे मादक पदार्थों के कारोबार में हैं। मैंने ये नाम पुलिस से साझा किये थे।' केंद्रीय अपराध शाखा ने सोमवार को इंद्रजीत लंकेश से पांच घंटे पूछताछ की थी।

देश में 5 दिन बाद थोड़ा थमा कोरोना संक्रमण

मंगलवार को देश में 69,921 नये मामले

कुल संक्रमित 36.91 लाख के पार

नयी दिल्ली : देश में कोरोना संक्रमण के बढ़ते प्रकोप के बीच लगातार पांच दिन तक 75 हजार से अधिक नये मामले सामने आने के बाद पिछले 24 घंटों में संक्रमितों की संख्या में अपेक्षाकृत कमी आयी और यह 70 हजार से नीचे आ गयी।

एक दिन में 65,081 मरीज स्वस्थ हुए : स्वास्थ्य मंत्रालय ने मंगलवार को जारी आंकड़ों के अनुसार देश में कोरोना संक्रमण के 69,921 नये मामले सामने आये हैं जिसके बाद कुल संक्रमितों की संख्या 36,91,166 हो गयी। पिछले 24 घंटे में 819 और मरीजों की मौत हुई जिससे मृतकों की संख्या बढ़कर 65,288 (1.77 फीसदी) हो गयी है। सोमवार को पिछले 24 घंटों के दौरान 65,081 मरीज स्वस्थ हुए हैं जिससे कोरोना से मुक्ति पाने वालों की संख्या 28,39,883 (76.94 फीसदी) हो गयी। स्वस्थ होने वालों की तुलना में संक्रमण के नये मामले अधिक होने से सक्रिय मामले 4,021 बढ़कर 7,85,996 (21.29 फीसदी) हो गये हैं। इससे पहले 25 अगस्त को 67,151 मामले सामने आने के बाद 26 से 30 अगस्त तक संक्रमितों की दैनिक संख्या 75 हजार से अधिक क्रमशः 75760, 77266, 76472, 78761 और 78512 रही।

एक दिन में 10.16 लाख से ज्यादा नमूनों की जांच

भारतीय चिकित्सा अनुसंधान परिषद (आईसीएमआर) के अनुसार 31 अगस्त तक 4,33,24,834 नमूनों की जांच हो चुकी है जिनमें से सोमवार को 10,16,920 नमूनों की जांच हुई। पिछले 24 घंटे में सबसे ज्यादा 184 लोगों की मौत महाराष्ट्र में हुई। वहीं कर्नाटक में 113, तमिलनाडु में 91, आंध्र प्रदेश में 85, उत्तर प्रदेश में 63, पश्चिम बंगाल में 52, पंजाब में 49, मध्य प्रदेश में 20, दिल्ली में 18, गुजरात में 14, राजस्थान में 13, उत्तराखंड में 12 लोगों की मौत हुई। वहीं असम, ओडिशा और त्रिपुरा में 10-10 लोगों की मौत हुई। एजेंसियां

भारत और रूस 4-5 सितंबर के बीच करेंगे नौसैनिक अभ्यास

नयी दिल्ली : चीन के साथ सीमा पर बढ़ते तनाव के बीच भारत और रूस की नौसेनाएं बंगाल की खाड़ी में 4 से 5 सितंबर के बीच बड़ा सैन्य अभ्यास करेंगी। आधिकारिक सूत्रों ने मंगलवार को बताया कि सुरक्षा के क्षेत्र में उभरती हुई चुनौतियों से निपटने के लिए दोनों देशों की नौसेनाओं की क्षमता को और विकसित करने के वास्ते यह अभ्यास किया जाएगा। सूत्रों ने कहा कि 'इंद्र नौसैनिक अभ्यास' के तहत सतह और हवा में मौजूद लक्ष्यों को मार गिराने जैसे अनेक अभ्यास किए जाएंगे। यह अभ्यास ऐसे समय किया जा रहा है जब भारत, पूर्वी लद्दाख में चीन के साथ गतिरोध की स्थिति में है। 'इंद्र अभ्यास' पहले रूस के व्लादिवोस्तोक में आयोजित होना था लेकिन कोविड-19 महामारी के चलते इसे टाल दिया गया था। सूत्रों ने बताया कि इस नौसैनिक अभ्यास में रूसी युद्धपोत एडमिरल विनोग्रादोव, एडमिरल त्रिबुत्स और बोरिस बुतोमा के अलावा हेलीकॉप्टरों का बेड़ा भी भाग लेगा। उन्होंने कहा कि भारतीय नौसेना अपने युद्धपोत रणविजय, सहयाद्रि, किल्टान, शक्ति और हेलीकॉप्टरों के साथ अभ्यास में भाग लेगी।

मुंबई में सागर में गणपति बप्पा की मूर्ति को विसर्जित करता एक श्रद्धालु

अनलॉक 4 : मेट्रो ट्रेनों के लिए निर्देश आज

नयी दिल्ली : केंद्रीय आवास और शहरी मामलों का मंत्रालय अनलॉक-4 के दिशा-निर्देशों के तहत मेट्रो ट्रेनों के परिचालन के लिए बुधवार को विस्तृत मानक संचालन प्रक्रियाएं जारी कर सकता है। मंत्रालय के सचिव दुर्गा शंकर मिश्र ने मानक संचालन प्रक्रियाएं (एसओपी) को अंतिम रूप देने के लिए मंगलवार को सभी मेट्रो रेल निगमों के प्रबंध निदेशकों के साथ बैठक की। मेट्रो ट्रेनों का परिचालन क्रमिक तरीके से किया जायेगा। एसओपी का मसौदा तैयार कर लिया गया है और बुधवार को गृह मंत्रालय के साथ इस पर चर्चा करके एसओपी को अंतिम रूप दिया जायेगा। देश में 17 मेट्रो निगम हैं। मंत्रालय द्वारा विस्तृत एसओपी जारी किये जाने के बाद ये स्थानीय आवश्यकताओं के अनुरूप अपना ब्योरा जारी कर सकते हैं। एजेंसियां

'फेसबुक के कर्मचारी प्रधानमंत्री को कहते हैं अपशब्द'

प्रसाद ने मार्क जकरबर्ग को लिखा पत्र

नयी दिल्ली : सूचना प्रौद्योगिकी मंत्री रविशंकर प्रसाद ने फेसबुक के सीईओ मार्क जकरबर्ग को मंगलवार को पत्र लिखकर भेदभाव करने का आरोप लगाने के साथ ही दावा किया कि फेसबुक के कर्मचारी प्रधानमंत्री और वरिष्ठ कैबिनेट मंत्रियों को अपशब्द कहते हैं।

'निष्पक्ष और तटस्थ हो फेसबुक' : प्रसाद ने पत्र में यह भी लिखा है कि उन्हें बताया गया है कि 2019 के लोकसभा चुनाव के दौरान भारत के फेसबुक प्रबंधन के द्वारा न सिर्फ कुछ फेसबुक पेजों को डिलीट किया गया बल्कि उनकी रीच को भी कम किया गया। इसको लेकर राजनीति भी किये गये लेकिन फेसबुक प्रबंधन ने कोई जवाब नहीं दिया। सूचना प्रौद्योगिकी (आईटी) मंत्री ने पत्र में कहा है कि भारत को विशिष्ट सामुदायिक दिशा-निर्देशों की आवश्यकता है। इसके साथ ही फेसबुक को न केवल निष्पक्ष और तटस्थ होना चाहिए बल्कि वह निष्पक्ष रूप से दिखाई भी देना चाहिए। यह पत्र वॉल स्ट्रीट जर्नल अखबार की उस रिपोर्ट के बाद सामने आया है जिसमें फेसबुक पर भेदभाव का आरोप लगाये जाने के साथ दावा किया गया था कि फेसबुक ने भेदभाव से काम करते हुए सत्तारूढ़ की छवियां उड़ाने वाले भारतीय जनता पार्टी (भाजपा) समर्थित पेजों से कंटेंट नहीं हटाया। इसके बाद कांग्रेस और भाजपा के बीच फेसबुक पर विवाद शुरू हो गया था।

लोकतांत्रिक प्रक्रिया को खराब करने का आरोप : आईटी मंत्री ने पत्र के जरिये फेसबुक के कर्मचारियों पर देश की लोकतांत्रिक प्रक्रिया को खराब करने के लिए अभियान चलाने का भी आरोप लगाया है। पत्र में लिखा गया है कि किसी भी संगठन में काम करने वाले व्यक्तियों की अपनी व्यक्तिगत पसंद या नापसंद हो सकती है लेकिन इसका सार्वजनिक नीतियों और संगठन के प्रदर्शन पर कोई असर नहीं होना चाहिए। विश्वसनीय मीडिया रिपोर्टों से लगता है कि फेसबुक इंडिया की टीम, प्रबंध निदेशक से लेकर अन्य वरिष्ठ अधिकारियों तक में उन लोगों का वर्चस्व है, जो एक विशेष राजनीतिक विचार से संबंध रखते हैं।

कब्रिस्तानों और थानों में बदले जा रहे हैं पाकिस्तान के गुरुद्वारे

अमृतसर : शिरोमणि गुरुद्वारा प्रबंधक समिति के प्रधान भाई गोबिंद सिंह लोंगोवाल ने पाकिस्तान में ऐतिहासिक गुरुद्वारों को पुलिस थानों और कब्रिस्तानों में तब्दील करने की सख्त शब्दों में निंदा की है।

भाई लोंगोवाल ने कहा कि पाकिस्तान की सरकार गुरुद्वारों की इमारतों की रखवाली और रखरखाव धार्मिक मर्यादा से करे। उन्होंने केंद्र सरकार से अपील की कि वह पाकिस्तान में गुरुद्वारों पर किये जा रहे नाजायज कब्जों का मामला पाकिस्तान सरकार के समक्ष उठाये। भाई लोंगोवाल ने कहा कि पाकिस्तान में सैकड़ों गुरुद्वारे हैं लेकिन ऐसा नहीं होना चाहिए कि देश के बंटवारे के बाद इन ऐतिहासिक गुरुद्वारों की पुरातन इमारतों की उपस्थिति को ही खत्म कर दिया जाए। सिखों की धार्मिक भावनाओं के मद्देनजर इन इमारतों का रखरखाव और सुरक्षा करना पाकिस्तान सरकार का फर्ज है और जो लोग गुरुद्वारा साहिबान की इमारतों पर कब्जे कर रहे हैं, उनके विरुद्ध सख्त कार्रवाई की जाए। उल्लेखनीय है कि एक अखबार में छपी खबर के अनुसार पाकिस्तान के साहिवाल शहर की चारा मंडी में मौजूद गुरुद्वारा श्री गुरु सिंह सभा की इमारत को पुलिस थाना सिटी में तब्दील कर दिया गया है। गुरुद्वारा साहब के दीवान हाल को कैदियों के लिए हिरासत वाली कोठरियों में तब्दील करने के साथ-साथ प्रकाश स्थान को मुख्य अधिकारी के दफ्तर के तौर पर इस्तेमाल किया जा रहा है। इसी प्रकार वहीं बादशाह के साथ संबंधित एक और गुरुद्वारा साहब की इमारत में भी मिश्र मर्यादा के विरुद्ध एक कब्र बना दी गयी है। भाई तारा जी से संबंधित एक गुरुद्वारा साहब पर भी एक परिवार की तरफ से कब्जे का जिक्र है, जो वहां पशुओं को बांध रहे हैं।

बारामूला में दो आतंकी ठिकानों से हथियार बरामद

श्रीनगर (जे के ब्यूरो) : जम्मू-कश्मीर के बारामूला जिले में नियंत्रण रेखा के पास दो आतंकवादी ठिकानों का भंडाफोड़ कर वहां से बड़ी संख्या में हथियार और गोला-बारूद जब्त किया गया। सेना ने इन ठिकानों का पता लगाने के लिए तलाशी अभियान शुरू किया था। रक्षा प्रवक्ता कर्नल राजेश कालिया ने बताया कि रामपुर सेक्टर में नियंत्रण रेखा के पास घने पेड़ों तक गहन तलाशी के बाद हथियारों का जखीरा बेहद छिपे हुए ठिकाने से बरामद हुआ। हथियारों में पांच एके राइफल, छह पिस्तौल, 21 ग्रेनेड, दो यूबीजीएल ग्रेनेड और दो केनवुड रेडियो सेट और एक एंटेना बरामद किया गया। वहीं, पुंछ जिले में भी एक आतंकवादी ठिकाने का पता लगाया गया और वहां से दो चीनी पिस्तौल के साथ पांच कारतूस और 50 राउंड गोलियां, पांच एके कारतूस और 270 राउंड गोलियां, दो वायरलेस सेट और चार चीनी ग्रेनेड समेत अन्य हथियार बरामद हुए। हालांकि, अभियान के दौरान किसी की गिरफ्तारी नहीं हुई और अंतिम खबर मिलने तक अभियान जारी था।

बारामूला में बरामद हथियार

ग्रेनेड हमले में 2 गिरफ्तार

